

এবার নীরব করে দাও হে তোমার মুখর কবিরে ।
তার হৃদয়-বাঁশি আপনি কেড়ে বাজাও গভীরে ॥
নিশীথরাতে নিবিড় সুরে বাঁশিতে তান দাও হে পুরে,
যে তান দিয়ে অবাক কর গ্রহশশীরে ॥
যা-কিছু মোর ছড়িয়ে আছে জীবন-মরণে
গানের টানে মিলুক এসে তোমার চরণে ।
বহুদিনের বাক্যরাশি এক নিমেষে যাবে ভাসি -
একলা বসে শুনব বাঁশি অকুল তিমিরে ॥

Parjaay: Puja, Taal: Tritaal Bilambit, Raag: Darbari-Kanara
Visit www.geetabitan.com for notation and other detail